# সীতাহরণ

শিল্পী- প্রবীর চিত্রকর

কার বিয়ে হল রামচন্দ্র হইলেন দিবাস
পিতৃসত্য পালিবারে রাম চলেন বনবাস।
আগে চলেন রাম পশচাতে জানকী
তাহার পশচাতে চলেন লক্ষণ ধানুকী।
উপরে রবির তাপ নিচে তাতা বালি
চলিতে না পারে সীতা ননীর পুতলি।
ভাঙিল তরুলের ডাল লক্ষণ ধরে শিরে
এর অপচ্ছায়ায় তুমি চল ধীরে ধীরে।
উপনীত হইল গিয়া পঞ্চবটীর বন
বাঁধিল পাতার কুড়ো শ্রীরাম-লক্ষণ।
বাঁধিল পাতার কুড়ো শ্রীরাম-লক্ষণ
রাম-সীতা খেলছেন বসে প্রহরী লক্ষণ।
শূর্পনখা গিয়েছিল পুস্পঅণ্বেষনে
নাক কান ধরে কাটে ঠাকুর লক্ষণে।
নাক নিয়ে করে নারী লঙ্কাপুরে যায়
ছুটে গিয়ে পড়ল গিয়া রাবণভায়ের পায়
দেখে রাজা শালিবাহনের সর্বাঙ্গ জ্বলিল
মারীচে ডাকিয়া রাবণ বুঝায়িয়া দিল।
বলে যাও ওগো মারীচ তুমি পঞ্চবটীর বনে
রাম-লক্ষণ-সীতা ওগো আছে সেইখানে।
তোমারে ধরিবার তরে রাম তব যাবে
তুমি প্রাণের ভয়ে লক্ষণ বলে ডাকিবার লাগিবে।
সেইকথা রাবণ রাজা শিখাইয়া দিল
হেনকালে মায়ামারীচ বিগটী সাজিল।
নানা ছন্দে নাচেন হরিণ দেখিতে সুন্দর

**© Dept. of English, V.U.**

এমন সময় চন্দ্রামুখী বলেন রঘুবর।
পাশা হাতে চন্দ্রামুখী বিনয় করে বলে
ওই হরিণ ধরে স্বামী সুখী কর মোরে।
মারমার ধরধর করিয়া রাম তাড়িয়া লয়ে যায়
সোনার ভ্রমরা হরিণ দৌরিয়া পলায়।
কিছুদুরে রামচন্দ্র সে মারীচে বধিল
মায়ামারীচ চিৎকার করে কান্দিতে লাগিল।
বলে কোথায় মোর প্রাণের ভাই লক্ষণ এস এইখানে
দয়া করে এ বিপদে রাখ মোর জীবনে।
সেই কান্না ঠেকল গিয়া সীতা দেবীর কানে
ঘন ঘন ডাকেন সীতা দেবর লক্ষণে।
এস গো দেবর লক্ষণ তাম্বুল ধর খাবে
তোমার দাদার অণ্বেষণে টনিক বনে যাবে।
গন্ডীর আকার দিয়া লক্ষণ করিল গমন
বটবৃক্ষতলা হতে বেরাল রাবণ।
ছোটো ছোটো জুবিগুলো লাল বস্ত্র পরে
ডুমুড় হেলায় ভিক্ষা মাগে দারে দারে।
ভিক্ষা দিতে সীতাদেবী গন্ডীর বাহির হল
সীতার হস্ত ধরে রাবণ রথে তুলে নিল।
উড়িতে উড়িতে রাত করিল গমন
দশরথের বন্ধু জটায়ু দিল দর্শন।
রাবণের রথকে জটায়ু আড়ে গিলে নিল
রাগের বশে রাবণ রাজা ডানা কেটে নিল।
রথ নিয়ে রাবণ রাজা করিল গমন
এই তব গাই বাবু গিরি রামায়ণ।

© Dept. of English, V.U.

## ***Pata Palas***

<u>IPA Transcription of the *pala* by Prabir Chitrakar</u>

***<u>Sitaharan</u>*** **(** /sitahɔrɔn/ **)** ‘Kidnapping of Sita’

//kar bije holɔ ramcɔndrɔ hoi̯len dibas/
pitrisottɔ palibare ram cɔlen bɔnɔbas//
age cɔlen ram pɔscate ɟanɔki/
tahar pɔʃcate cɔlen lɔkk$^h$ɔn d$^h$anuki//

//upɔre robir tap/ nice tata bali/
colite na pare rad$^h$a nonir putɔli//
b$^h$aŋilɔ toruler d.al lɔkk$^h$ɔn d$^h$ɔre s.ire/
er ɔpɔcc$^h$ajae̯ tumi cɔlɔ d$^h$ire d$^h$ire//

//upɔnitɔ hoi̯lɔ gija pɔncɔboʈir bɔn/
bãd$^h$ilɔ patar kũʈo ʃriram lɔkk$^h$ɔn//
bãd$^h$ilɔ patar kũʈo ʃriram lɔkk$^h$ɔn/
ram sita k$^h$elc$^h$en bose prɔhori lɔkk$^h$ɔn//

//ʃurpɔnɔk$^h$a gijec$^h$ilɔ puʃpɔ ɔnneʃɔne/
nak kan d$^h$ore kaʈe ʈ$^h$akur lɔkk$^h$ɔne//
nak nije kɔre nari lɔŋkapure ɟae̯/
c$^h$uʈe gije poʈlɔ gija rabɔn b$^h$ai̯jer pae̯//

//dek$^h$e raɟa ʃalibahɔner sɔrbaŋgɔ ɟolilɔ
marice ɖakija rabɔn buɟ$^h$a i̯ja dilɔ//
bole jao̯ ogo maric tumi pɔncɔboʈir bɔne/
ram lɔkk$^h$ɔn sita ogo ac$^h$e sei̯k$^h$ane//

//tomare d$^h$oribar tɔre ram tɔbɔ ɟabe/
tumi praner b$^h$oje lɔkk$^h$ɔn bole ɖakibar lagibe//
sei̯ kɔt$^h$a rabɔn raɟa ʃik$^h$ai̯ja dilɔ/
hɛnɔkale majamaric bigoʈi saɟilɔ//

**© Dept. of English, V.U.**

//nana c$^h$ɔnde nacen horin dek$^h$ite sundɔr/
ɛmɔn sɔmɔe̯ cɔndramuk$^h$i bɔlen rog$^h$ubɔr//
paʃa hate cɔndramuk$^h$i binɔe̯ kore bɔle/
oi̯ horin d$^h$ore sami suk$^h$i kɔrɔ more//

//marmar d$^h$ɔrd$^h$ɔr korija ram taɽija loje ɟae̯/
sonar b$^h$rɔmɔra horin dou̯ɽija palae̯//
kic$^h$dure ramcɔndrɔ se marice bod$^h$ilɔ/
majamaric citkar kore kandite lagilɔ//

//bɔle kot$^h$ae̯ mor praner b$^h$ai̯ lɔkk$^h$ɔn eso ei̯k$^h$ane/
dɔja kore e bipɔde rak$^h$ɔ mor ɟibɔne//
sei̯ kanna ʈ$^h$eklɔ gijasita debir kane/
g$^h$ɔnɔ g$^h$ɔnɔ ɖaken sita debɔr lɔkk$^h$ɔne//

//eso go debɔr lɔkk$^h$ɔn/ tambul d$^h$ɔrɔ k$^h$abe/
tomar dadar ɔnneʃɔne ʈɔnik bɔne ɟabe//
gonɖir akar dija lɔkk$^h$ɔn korilɔ gɔmɔn/
bɔʈɔbrikk$^h$ɔtɔla hote beralɔ rabɔn//

//c$^h$oto c$^h$oto ɟubigulo lal bɔstrɔ pore/
ɖumuɽ helae̯ b$^h$ikk$^h$a mage dare dare//
b$^h$ikk$^h$a dite sitadebi gonɖir bahir holɔ/
sitar hɔstɔ d$^h$ore rabɔn rɔt$^h$e tule nilɔ//

//uɽite uɽite rat korilɔ gɔmɔn/
dɔʃɔrɔt$^h$er bond$^h$u ɟɔʈaju dilɔ dɔrʃɔn//
rabɔner rɔt$^h$ke ɟɔʈaju aɽe gile nilɔ/
rager bɔʃe rabɔn raɟa ɖana keʈe nilɔ//

//rɔt$^h$ nije rabɔn raɟa korilɔ gɔmɔn/
ei̯ tɔbɔ gai̯ babu giri ramajɔn//

**© Dept. of English, V.U.**